

## “সৌদি আরবে ড্রাইভিং পেশায় ১ লাখ বাংলাদেশীর কর্মসংস্থান শীর্ষক” প্রকল্প যাচাই কমিটি'র সভা

গত ২৭ আগস্ট সকাল ১১.০০ টায় ঢাকার ইন্সটনস্ট প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে সৌদি আরবে ড্রাইভিং পেশায় ১ লাখ বাংলাদেশীর কর্মসংস্থানের লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র অধীন ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স চালুকরণ বিষয়ে একটি প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো দেশের ৮টি বিভাগের ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে এ প্রশিক্ষণ প্রদান করবে।

সৌদি আরবের বাসাবাড়ীতে প্রায় ১ লাখ ড্রাইভারের কর্মসংস্থানের সুযোগ রয়েছে মর্মে সৌদি আরবস্থ বাংলাদেশ দূতাবাস হতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে জানানো হয়েছে। এ লক্ষ্যে ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স চালুকরণ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ শেষে এ সকল ড্রাইভারদেরকে টেস্টিং ও লাইসেন্স প্রদানের জন্য সৌদি আরবস্থ দালাহ আল বাকারা বাংলাদেশে প্রশিক্ষিত ড্রাইভারদের পরীক্ষা গ্রহণ ও লাইসেন্স প্রদান করবে। এ লাইসেন্স প্রাপ্তিতে এসকল ড্রাইভার জিসিসিভুক্ত সকল দেশে ড্রাইভিং পেশায় কাজ করতে পারবে।

সভায় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশিক্ষণ) মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) নাসরিন জাহান, উপপ্রধান কে এম আলী রেজাসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

## “অভিবাসন প্রত্যাশীদের জন্য সচেতনতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্প যাচাই কমিটি’র সভা

গত ২৭ আগস্ট সকাল ১১.৪৫ টায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি’র সভাপতিত্বে “অভিবাসন প্রত্যাশীদের জন্য সচেতনতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-র মাধ্যমে পরিচালিত হবে। দেশের ৮টি বিভাগের ৬৪টি জেলায় এ প্রকল্প হতে সচেতনতামূলক প্রচারণা চালানো হবে।

সভায় অভিবাসী কর্মীগণের অভিবাসন আইন ও অভিবাসন প্রক্রিয়া সম্পর্কে স্বচ্ছ ধারণার অভাবে অভিবাসন প্রক্রিয়ার বিভিন্নভাবে অভিবাসী কর্মীরা হয়রানি ও নির্যাতনের শিকার হচ্ছে বলে আলোচনা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এ অভিবাসন সংক্রান্ত সমস্যাাদি মনিটরিং করে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে “অভিবাসন প্রত্যাশীদের জন্য সচেতনতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্প প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়। উল্লেখ্য মাননীয় প্রধানমন্ত্রী অভিবাসী কর্মীদের বৈধভাবে বিদেশ গমনের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেছেন।

সভায় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশিক্ষণ) মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) নাসরিন জাহান, উপপ্রধান কেএম আলী রেজাসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

## জুলাই-২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা

গত ২৮ আগস্ট বেলা ০৩.০০ ঘটিকায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সভাপতিত্বে জুলাই ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচ্য বিষয় সমূহ ছিল ইনোভেশন কমিটির কার্যক্রম, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং, অডিট আপত্তি সংক্রান্ত, অনিস্পন্ন বিষয়। এছাড়াও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মামলা সংক্রান্ত, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ, মেডিকেল অফিসার নিয়োগ, বোয়েসেলের কার্যক্রম ও প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। ভারপ্রাপ্ত সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ই-ফাইলিং এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে উপস্থিত সকল কর্মকর্তাদের গুরুত্বসহকারে কার্য সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। সভাশেষে ২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারের জন্য কর্মকর্তা ও কর্মচারী এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে পুরস্কার প্রদান করা হয়।

এসময় সভায় উপস্থিত ছিলেন, অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস লিঃ (বোয়েসেল)-এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক আ.ন.ম. মাসরুফুল হুদা সিরাজী, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশিক্ষণ) মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) নাসরিন জাহানসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।